গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র-১ শাখা
www.motj.gov.bd

নম্বর-২৪.০০.০০০০.০০০.১১৫.১১.০০০৭.২১- ৪৭৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ / ২৬ নভেম্বর ২০২৫

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২২/০৭/২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৭৬৪.২০২৫-১৫৬ নম্বর পত্রমূলে বস্ত্র অধিদপ্তরের 'সহকারী প্রোগ্রামার' (অস্থায়ী) পদে নিয়োগের জন্য সাময়িকভাবে সুপারিশকৃত নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ২২,০০০----৫৩,০৬০/- (৯ম গ্রেড) বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, রেজিঃ নং | স্থায়ী ঠিকানা |
|---|---|---|
| ০১. | জনাব সাইফুল আলম<br>পিতা- আবদুল হাকিম<br>মাতা- হাজেরা বেগম<br>রেজিঃ নং-০০২৮১৮ | গ্রাম: জামুয়া (হাকিম মাস্টারের বাড়ি)<br>ডাকঘর: ছোট শরীফপুর<br>পোস্টকোড-৩৫৭৩<br>থানা: লালমাই, জেলা: কুমিল্লা |

০২। শর্তাবলী:

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে **আগামী ২৪/১২/২০২৫ তারিখের** মধ্যে অফিস চলাকালীন সময়ে মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা বরাবরে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;

(খ) নিয়োগকৃত প্রার্থীর পরবর্তীকালে যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(গ) অস্থায়ী পদসমূহ স্থায়ী হওয়া সাপেক্ষে বস্ত্র অধিদপ্তরের নিয়োগবিধি অনুযায়ী চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলী প্রতিপালন হওয়ার পরই সংশ্লিষ্ট পদের চাকুরিতে স্থায়ী করা হবে;

(ঘ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঙ) চাকরিতে যোগদানকালে তাঁর যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার নামা (বন্ড) সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য যৌতুক নিবেন না বা যৌতুক দিবেন না;

(চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণিতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে; এবং

(ছ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৬/১১/২০২৫

(ড. মুহাম্মদ মুখলেছুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৫৯০
e-mail:-sastextile1@gmail.com

নম্বর-২৪.০০.০০০০.০০০.১১৫.১১.০০০৭.২১- ৪৭৭

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ / ২৬ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
২. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা (প্রার্থীর ছবি ও সংশ্লিষ্ট কাগজ পত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)
৩. সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ ও এ অধিশাখাকে অবহিতকরণের অনুরোধসহ)
৬. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৭. জনাব সাইফুল আলম, পিতা- আবদুল হাকিম, গ্রাম: জামুয়া (হাকিম মাস্টারের বাড়ি), ডাকঘর: ছোট শরীফপুর, পোস্টকোড-৩৫৭৩, থানা: লালমাই, জেলা: কুমিল্লা
৮. অতিরিক্ত সচিব (বস্ত্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. অফিস কপি/ব্যক্তিগত নথি।

২৬/১১/২০২৫

(ড. মুহাম্মদ মুখলেছুর রহমান)
উপসচিব